



# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগরভবন, ঢাকা।

www.dscc.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নম্বর: ৪৬.২০৭.০০০.০৩.০১.২৫৬.২০২৩-৫১৪

তারিখ: ১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্র. নং	পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১	সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা ১৬০০০-৩৮৬৪০/-(গ্রেড-১০)	৪ (চার) টি	১৮-৩০ বৎসর	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের যে কোনো বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।
২	হিসাবরক্ষক ১০২০০-২৪৬৮০/-(গ্রেড-১৪)	২ (দুই) টি	১৮-৩০ বৎসর	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের যে কোনো বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতা।

২। নিম্নলিখিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে :

- (১) ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/ ০১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোনক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- (২) সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।
- (৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- (৪) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি এ/ ডি এ প্রদান করা হবে না।
- (৫) আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/ স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্মতারিখ, বয়স, নিজ জেলার নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- (৬) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপিসহ সকল সনদপত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।
- (৭) চাকুরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ কাউন্সিলর প্রদত্ত (নিজ জেলা উল্লেখকরতঃ) নাগরিকত্বের সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র (ভোটার আইডি কার্ড) বা জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- (৮) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। প্রার্থী এবং তার পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।
- (৯) প্রার্থী যেকোনো একটি পদে আবেদন করতে পারবেন।
- (১০) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসরণ করা হবে।
- (১১) সকল সত্যায়ন/ প্রত্যয়ন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।
- (১২) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/ সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।
- (১৩) বিজ্ঞপ্তি অনুযায়ী উল্লিখিত পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।
- (১৪) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <http://dscc.teletalk.com.bd> ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনপত্রের বিস্তারিত নিয়মাবলী <http://dscc.teletalk.com.bd> এবং [www.dscc.gov.bd](http://www.dscc.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ :  
(I) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমা দান শুরু তারিখ ও সময়: ০৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/১৯ জুন ২০২৩ খ্রিস্টাব্দ; সকাল ১০.০০ ঘটিকা।  
(II) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ; বিকাল ০৫.০০ ঘটিকা।  
(III) উক্ত বয়সসীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
- (১৫) আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞপ্তির ১নং পদের জন্য ৭০০/- (সাতশত টাকা); ২ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত টাকা) Teletalk pre-paid mobile ব্যবহার করে প্রদান করতে হবে।
- (১৬) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা [vas.query@teletalk.com.bd](mailto:vas.query@teletalk.com.bd) ই-মেইলে যোগাযোগ করা যাবে।
- (১৭) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- (১৮) উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(আকরামুজ্জামান)

সচিব

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

ডিএসসিসি/পিআরডি/৩৩০/২০২২-২০২৩

জি-১৩৫৮/২৩-(১১'X৩)